

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মে ৩০, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাণিজ্য মন্ত্রণালয়  
অবা-১ শাখা  
আদেশ

তারিখ, ১০ জ্যৈষ্ঠ ১৪১৪/২৪ মে ২০০৭

এস, আর, ও নং ৮৭-আইন/২০০৭।—যেহেতু, গণপ্রজাতন্ত্রী কোরিয়াতে পুনরায় এভিয়ান ইনফ্লুয়েঞ্জার প্রাদুর্ভাব দেখা দিয়াছে এবং উক্ত রোগের কারণে সরকার, গণপ্রজাতন্ত্রী কোরিয়া হইতে এক দিন বয়সের মুরগির বাচ্চা, মুরগির ডিম, হিমায়িত মুরগির মাংস, মুরগি হইতে উৎপাদিত দ্রব্যাদি, পোষ্য ও বন্য পাখি, পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত, বাংলাদেশে আমদানির উপর পুনরায় নিষেধাজ্ঞা আরোপ করিবার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

সেহেতু, Imports and Exports (Control) Act, 1950 (Act No. XXXIX of 1950) এর section 3 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত, গণপ্রজাতন্ত্রী কোরিয়া হইতে এক দিন বয়সের মুরগির বাচ্চা, মুরগির ডিম, হিমায়িত মুরগির মাংস, মুরগি হইতে উৎপাদিত দ্রব্যাদি, পোষ্য ও বন্য পাখি বাংলাদেশে আমদানির উপর এতদ্বারা নিষেধাজ্ঞা আরোপ করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আবু বকর সিদ্দিক মোল্লা  
উপ-সচিব (আইআইটি-২)।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আখতার হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

( ৫৯৬১ )

মূল্য : টাকা ২.০০